# Times Today BD

মুহাম্মদ দিদারুল আলম | চট্টগ্রাম | 06 May, 2025

চট্টগ্রামের মিরসরাইয়ে কথা কাটাকাটির জেরে ফজলুল করিম (৭০) নামের এক বৃদ্ধকে গলাটিপে হত্যা করেছে বৃদ্ধর ভাতিজা জাকারিয়া জাহেদ।মঙ্গলবার (৬ মে) বেলা ১১টার দিকে মিরসরাইয়ের মধ্যেম মায়ানী এলাকার শেখ হামিদ মুহুরি বাড়িতে এ ঘটনা ঘটে। নিহতের ছেলে বাদি হয়ে জাকারিয়া জাহেদকে আসামীকরে হত্যা মামলা দায়ের করে।

স্থানীয়রা জানায়, নিহত বৃদ্ধ ও সন্ত্রাসী জাকারিয়া জাহেদ সম্পর্কে চাচা-ভাতিজা। হাঁস পালা নিয়ে কথাকাটি হলে এক পর্যায়ে নিহত ফজলুল করিমকে গলাটিপে হত্যা করে পালিয়ে যায় জাকারিয়া জাহেদ।পরে বাড়ির লোকজন বৃদ্ধ ফজলুল করিমকে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স নিয়ে গেলে চিকিৎসকরা মৃত বলে নিশ্চিত করে।

বৃদ্ধর ছেলে ব্যংকার সাফায়েত ইকবাল বলেন,| ‘তুচ্ছ ঘটনায় বাবাকে হত্যা করা হয়েছে।হত্যার সঠিক বিচারের দাবি করেন তিনি’

হত্যার বিষয় নিশ্চিত করে মিরসরাই থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা আতিকুর রহমান জানান, থানায় হত্যা মামলা হয়েছে। বৃদ্ধর লাশ ময়নাতদন্তের জন্য চট্টগ্রাম মেডিকেল কলেজ (চমেক) হাসপাতালে প্রেরণ করা হয়েছে।হত্যার সঙ্গে জড়িত জাকারিয়া জাহেদকে গ্রেপ্তারের অভিযান চলছে।

খুন পুলিশ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 20 June, 2025 09:28

URL: https://timestodaybd.com/chittagong/7758072035